শৈলকুপায় ইউপি সদস্য রিপন হত্যা মামলার ৫ আসামী রিমান্ডে

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য রিপন হত্যা মামলার ৫ আসামীকে ১ দিনের রিমান্ড আবেদন মঞ্জুর করেছে আদালত।

আজ সোমবার (১৮ ডিসেম্বর) ঝিনাইদহের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৪র্থ আদালতের বিচারক ওয়াজেদুর রহমান এ রিমান্ড মঞ্জুর করেন। এর আগে পুলিশ ৭ দিনের রিমান্ডের আবেদ করলে আদালত ১ দিনের মঞ্জুর করে। আসামী জুমারত, আশরাফুল, নায়েব আলী, মিঠু বিশ^◌াস ও মোক্তার হোসেন কারাগারে ছিলো। এর মধ্যে ৩ জনকে পুলিশ গ্রেফতার করে আর বাকী ২ জন আদালতে আত্মসমর্পণ করে।

গত ১৬ অক্টোবর রাতে শৈলকুপা উপজেলা শহর থেকে ফেরার পথে আবাইপুর ইউনিয়নের মীনগ্রাম মাঠের মধ্যে পৌঁছালে প্রতিপক্ষ আবাইপুর ইউনিয়নের চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাসের সমর্থকরা তাকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ ঘটনার পরদিন নিহতের ভাই আহসানুল কবির বাদী হয়ে শৈলকুপা থানায় ৩২ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ১০/১২ জনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন।

আশাকরি আমাদের উপর অর্থনৈতিক কোন স্যাংশন আসবে না- এফবিসিসিআই সভাপতি

যুক্তরাষ্ট্র অর্থনীতি সংক্রান্ত কোন নিষেধাজ্ঞা দিবে না আশা ব্যক্ত করেছেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র সভাপতি মাহবুবুল আলম।

আজ সোমবার দুপুরে ঝিনাইদহের শৈলকুপায় একটি বেসরকারি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, রাজনীতি যার যার অর্থনীতি সবার। অর্থনীতি ঠিক থাকলে দেশ ঠিক থাকবে। অর্থনীতি ঠিক থাকলে আমরা ঠিক থাকব। আমাদের সাপ্লাই চেইন যদি ঠিক থাকে তাহলে ভালো থাকব। আমাদের অর্থনীতি যদি ধংস হয়ে যায় তাহলে আমাদের তো আর থাকার জাইগা নেই। আমি মনে করি আমাদের বাংলাদেশের মানুষ ব্যবসা বান্ধন মানুষ। আমাদের সরকারও ব্যবসা বান্ধব। আমি মনে করি না যে আমাদের উপর কোন স্যাংশন আসবে।

মাহবুবুল আলম আরও বলেন, আমি আশা করি একটি সুষ্ঠু, অংশগ্রহণমুলক নির্বাচন যেন হয়। সবাই যখন ভোট দিতে আসবে তখন একটি সুন্দর পরিবেশ সৃষ্টি হবে।

দেশের বন্ধ হওয়া সরকারি পাটকল নিয়ে মাহবুবুল আলম বলেন, অলরেডি সব প্রাইভেট সেক্টরকে মাননীয় প্রধানমন্ত্রী গুরুত্ব দিচ্ছেন। সেহেতু প্রাইভেট সেক্টরের হাতে এলে দেশ কিন্তু এগিয়ে যাবে। এটাই হচ্ছে বাস্তবতা। আমরা মনে করি যেসমস্ত বন্ধ জুট মিল আছে সেগুলো প্রাইভেট সেক্টর করবে। এতে জুট এগিয়ে যাবে। শুধু জুট না, জুটের তৈরী সকল পণ্য বিদেশে রপ্তানী হবে।

এর আগে সকাল সাড়ে ১১ টায় হেলিকপ্টারে করে শৈলকুপার হড়রা গ্রামে আসেন তিনি। পরে দিগনগর মাধ্যমিক বিদ্যালয়ে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন তিনি। অনুষ্ঠানে শিল্পপিত আসলাম সেরনিয়াবাত, বসুমতি গ্রুপের চেয়ারম্যান জেড এম গোলাম নবীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সংবর্ধনা শেষে বসুমতি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন তিনি।

শৈলকুপায় পুলিশের বিরুদ্ধে

স্বতন্ত্র প্রার্থীর কর্মী সমর্থকদের হয়রানির অভিযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র এমপি প্রার্থী নজরুল ইসলাম দুলালের কর্মী সমর্থকদের ভীতি তৈরি করতে পুলিশী হয়রানির অভিযোগ উঠেছে। এ নিয়ে উদ্বেগ প্রকাশ করে অভিযুক্ত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন ভুক্তভোগীরা।

জানা গেছে, ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসন থেকে এবার স্বতন্ত্র প্রার্থী হিসেবে শক্ত অবস্থানে রয়েছেন নজরুল ইসলাম দুলাল। তার জনপ্রিয়তায় ঈশ্বার্ণিত হয়ে বিরোধী পক্ষের ইন্ধনে তার কর্মী সমর্থকদের পুলিশ দিয়ে হয়রানি করা হচ্ছে অভিযোগ করেছেন।

বুধবার বিকেলে শৈলকুপার শেখপাড়া এলাকা থেকে নজরুল ইসলাম দুলালের সমর্থক জাসেবকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ। জাসেব সাংবাদিকতার পাশাপাশি তার বাবার সারের ব্যবসা দেখাশোনা করেন।

সে স্বতন্ত্র প্রার্থীর সর্মথক হওয়ায় তাকে হয়রানি ও ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে আটক করা হয়েছে বলে এলাকাবাসী জানায়।

সাংবাদিক জাসেবের আটকের বিষয় নিশ্চিত করে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঠাকুর দাস মন্ডল জানান, ভুলক্রমে জাসেবকে আনা হয়েছে। নিরিহ ব্যক্তিকে কেনো পুলিশী হয়রানি করা হচ্ছে এমন প্রশ্নের জবাবে তিনি কোন মন্তব্য করতে রাজি হননি।

এ ব্যাপারে ঝিনাইদহ জেলা সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন কোন ভাবেই বিতর্কিত না হয় সেটা নিয়ে নির্বাচন কমিশন যথেষ্ট তৎপর। তারপরও নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পুলিশের এহেন অতি উৎসাহী হওয়া দেশে উৎসবমুখর নির্বাচনের পরিবেশকে বাঁধাগ্রস্থ করবে। তাই অচিরেই নির্বাচন কমিশনকে অতি উৎসাহী পুলিশ কর্মকর্তাদের ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে বলে জানান তিনি।

ঝিনাইদহের শৈলকুপায় কামান্না দিবস পালিত

ঝিনাইদহের শৈলকুপায় ২৭ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে গণহত্যা দিবস পালিত হয়েছে। রোববার সকালে উপজেলার কামান্না গ্রামের ২৭ শহীদ স্মৃতি সৌধের পাদদেশে আয়োজন করা হয় এই স্মরণসভা। সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে শহীদ স্মৃতিস্তম্ভেব শ্রদ্ধা নিবেদন করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মেহেদী ইসলাম, মুক্তিযোদ্ধা বিশ্বাস লুৎফর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বীর মুক্তিযোদ্ধাগণ শহীদ মুক্তিযোদ্ধাদেরস্মৃতি চারন করেন। পরে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

১৯৭১ সালের ২৬ নভেম্বর ভোর রাতে কামান্না গ্রামে মুক্তিযোদ্ধাদের ক্যাম্প আক্রমন করে পাক বাহিনী ও রাজাকাররা। তারা একে একে ২৭ জন বীরমুক্তিযোদ্ধা ও তাদের সাহায্যকারি দু’জন গ্রামবাসিকে হত্যা করে। পাক বাহিনী চলে গেলে গ্রাামবাসি ৫টি গণকবরে তাদের দাফন করে। প্রতি বছর এ দিনে ঝিনাইদহ ও মাগুরা জেলার বীর মুক্তিযোদ্ধাগন স্মরন সভার মিলিত হয়ে স্মৃতি চারণ করে থাকে।

শৈলকুপায় স্বামীর হত্যাকারীদের ফাঁসির দাবীতে স্ত্রীর সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আবাইপুর ইউনিয়নের ইউপি সদস্য ও আওয়ামী লীগ নেতা রিপন হত্যার মুল পরিকল্পনাকারী বিশ্বাস বিল্ডার্সের ব্যবস্থাপনা পরিচালক নজরুল ইসলাম দুলাল ও তার ভাই ইউপি চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাসসহ জড়িতদের ফাঁসির দাবীতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (০৭ অক্টোবর) সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন করে নিহত রিপনের স্ত্রী তানিয়া খাতুন। সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করে বলেন, বিশ্বাস বিল্ডার্সের ব্যবস্থাপনা পরিচালক নজরুল ইসলাম দুলাল ও তার ভাই ইউপি চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাস এলাকায় রাজনৈতিক প্রভাব বিস্তারের জন্য এই হত্যাকান্ড করিয়েছে। দুলাল বিশ্বাস প্রত্যক্ষ মদদে এই হত্যা।

তানিয়া খাতুন তার লিখিত বক্তব্যে বলেন, হত্যার পর হত্যাকারীরা এলাকায় এসে উল্লাস করে বেড়াচ্ছে। আমরা যাতে বিচার না পাই, মামলা যেন তুলে নিই এ কারণে হত্যাকারীরা আমাদের হুমকি-ধামকি দিচ্ছে। হত্যার পর তারা উল্লাস করে আমার স্বামীর সমর্থকদের অন্তত ৪০/৫০ টি বাড়ী-ঘর ভাংচুর করে।

তিনি আরও বলেন, খুন করার পর খুনিরা বিশ্বাস বিল্ডার্সের মালিক দুলাল বিশ্বাসের ঢাকার অফিসে আশ্রয় নেয়। তার অফিসের সামনে থেকে ৪ জনকে গ্রেফতার করে পুলিশ। বাকী আসামীদের দুলাল বিশ্বাস আশ্রয় দিয়ে ও টাকা দিয়ে হাইকোর্ট থেকে জামিন করিয়ে আনে। জামিন করার পর দুলালের অফিসে তারা ভুড়িভোজ ও আনন্দ উল্লাস করে। খুনিরা খুন করার পর যেভাবে উল্লাস করছে তাতে আমি ও আমার পরিবার শংকিত। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে অনুরোধ জানায় এই হত্যার মুলহোতা দুলাল বিশ্বাস, হেলাল বিশ্বাসসহ জড়িত সকলের দৃষ্টান্ত মুলক শাস্তির ব্যবস্থা যেন করেন।

সংবাদ সম্মেলনের নিহতের স্ত্রী তানিয়া খাতুন ছাড়াও, পিতা আবুল কালাম আজাদ, চাচা জাফর বিশ্বাস, খালাতো ভাই নাসির বিশ্বাস, ভগ্নিপতি জাহাঙ্গীর ইসলাম শলক, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান বিশ্বাস, সাধারণ সম্পাদক ও শৈলকুপা উপজেলা চেয়ারম্যান এম আব্দুল হাকিম আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক শামীম হোসেন মোল্লা, জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক হাফিজুর রহমান, শফিকুল ইসলাম শিমুল জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন, নিত্যানন্দপুর ইউনিয়নের চেয়ারম্যান মফিজ উদ্দিন বিশ্বাস, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালেকুজ্জামান উকিল মোল্লা, যুবলীগ নেতা শহিদুল ইসলাম, স্থানীয় মাতব্বর মাসুদ বিশ্বাস, মুন্নু বিশ্বাস, সুজন বিশ্বাসসহ পরিবারের সদস্যরা।

উল্লেখ্য, গত ১৬ অক্টোবর রাত দেড়টার দিকে মোটর সাইকেল যোগে বাড়ি ফিরছিলো রিপন। পথে মীনগ্রাম মাঠের মধ্যে পৌঁছালে দুলাল ও হেলালের লোকজন তার গতিরোধ করে কুপিয়ে ও পিটিয়ে গুরুতর যখম করে।

সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

ঝিনাইদহের শৈলকুপায় দেশীয় আগ্নেয়াস্ত্রসহ গ্রেপ্তার ১

ঝিনাইদহের শৈলকুপা থেকে দেশীয় তৈরী আগ্নেয়াস্ত্রসহ এক সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে ঝিনাইদহ র্যাব-৬। আজ শনিবার (১৪ অক্টোবর) র্যাব-৬, সিপিসি-২,ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন মালিথিয়া গ্রামে কতিপয় অস্ত্রধারী সন্ত্রাসী অবৈধ অস্ত্র নিয়ে মাদকদ্রব্য ক্রয় বিক্রয়ের উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আভিযানিক দলটি আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একই তারিখ রাত দেড়টার দিকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন নতুনভুক্ত মালিথিয়া গ্রামস্থ অনন্ত স্টোর এর সামনে একটি বিশেষ অভিযান পরিচালনা করে কুখ্যাত অস্ত্রধারী সন্ত্রাসী নিরাপদ মন্ডল (৭০) কে গ্রেপ্তার।

সে একই উপজেলার তেতুলবাড়িয়া গ্রামের মৃত পঞ্চানন মন্ডলের ছেলে।

এ সময় উপস্থিত সাক্ষীদের সামনে গ্রেপ্তারকৃত আসামীর হেফাজত হতে ১ টি দেশীয় তৈরী আগ্নেয়াস্ত্র (পাইপগান) উদ্ধার পূর্বক জব্দ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী আগ্নেয়াস্ত্র প্রদর্শন পূর্বক এলাকায় বিভিন্ন মাদক ব্যবসা, চাঁদাবাজি, রাহাজানীসহ বিভিন্ন সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করার বিষয় স্বীকার করেছেন।

গ্রেপ্তারকৃত আসামীর নিকট থেকে জব্দকৃত আলামত শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে বলে জানান।

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগের গণসমাবেশ অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আওয়ামী লীগ সরকারের উন্নয়নকে জনগণের মাঝে তুলে ধরে ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগের গণসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে শৈলকুপা নতুন বাজার এলাকায় বিভিন্ন ইউনিয়ন ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

ধলহরচন্দ্র ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চাঁদ আলী মন্ডলের সভাপতিত্বে ও শৈলকুপা উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুলফিকার কায়সার টিপুর পরিচালনায় উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও বিশ্বাস বিল্ডার্সের চেয়ারম্যান আলহাজ¦ নজরুল ইসলাম দুলাল। এছাড়াও শৈলকুপা পৌরসভা মেয়র কাজী আশরাফুল আজিম আজম, ঝিনাইদহ জেলা আওয়মী লীগের সহ-সভাপতি সরোয়ার জাহান বাদশা, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মোস্তফা আরিফ রেজা মুন্নু, ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি এ্যাড. আজাদুর রহমান, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান, শৈলকুপা উপজেলা কৃষকলীগর সহ-সভাপতি আমিরুল ইসলাম, ঝিনাইদহ জেলা পরিষদের সাবেক সদস্য রেজাউল করিম খান, ১১ নং আবাইপুর ইউনিয়নের চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাস, শৈলকুপা পৌর মৎস্যজীবী লীগের সভাপতি ফারুক হোসেন সহ অন্যান্য নেতৃবৃন্দ।

উন্নয়ন সভায় বক্তারা আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশে যে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে সেই ধারাবাহিকতায় শৈলকুপায় কোন উন্নয়নই হয়নি। শৈলকুপা উপজেলা আওয়মী লীগের নেতা কর্মীরা এই জনপদকে একটি আধুনিক বাসযোগ্য আবাসভুমি গড়ার লক্ষ্যে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচেন নজরুল ইসলাম দুলালকে নৌাকার মাঝি হিসেবে দেখতে চান।

সমাবেশের প্রধান অতিথি সাইদুল করিম মিন্টু বলেন, মাননীয়

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের কথা তুলে ধরে বলেন, আগামীতে দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আওয়ামী লীগ সরকারকে ক্ষমতায় আনতে নৌকা মার্কায় আবার ভোট দেওয়ার আহবান জানান। তিনি আরও বলেন একমাত্র জননেত্রী শেখ হাসিনা দেশ ও জনগনের উন্নয়নের কথা ভাবেন। তার উন্নয়নে ঈশ্বার্ণিত হয়ে বিএনপি অপপ্রচার চালাচ্ছে এতে আপনারা বিভ্রান্ত হবেন না।

অনুষ্ঠানের বিশেষ অতিথি নজরুল ইসলাম দুলাল তার বক্তব্যে বলেন, বর্তমান সরকার সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল তৈরী করেছেন। অথচ ঝিনাইদহ -১ শৈলকুপা আসন উন্নয়নের দিক দিয়ে অনেক অবহেলিত। আগামী নির্বাচনে জননেত্রী শেখ হাসিনা তাকে মনোনয়ন দিলে তিনি বিপুল ভোটে বিজয়ী হওয়ার আশাবাদ ব্যক্ত করে বলেন, জনগনকে সাথে নিয়ে শৈলকুপাবাসীর কাঙ্খিত উন্নয়নের লক্ষ্যে পৌছে দেবেন। এই গণসমাবেশে অন্যান্য বক্তারা প্রধানমন্ত্রীর কাছে শৈলকুপার নির্যাতিত মানুষের অধিকার ফিরে পেতে, হত্যা ও সন্ত্রাসমুক্ত শৈলকুপা গড়ার লক্ষ্যে আলহাজ¦ নজরুল ইসলাম দুলালকে নৌকার মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ জানান।

ঝিনাইদহের শৈলকুপায় বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে নিহত ২

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার বড়দাহ ব্রীজ এলাকায় আজ বৃহস্পতিবার দুপুরে যাত্রীবাহী বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন।

নিহতরা হলেন- হরিণাকুণ্ডু উপজেলার ভায়না গ্রামের নারায়ন কুমারের ছেলে মহাদেব কুমার (৬০) ও একই গ্রামের আক্কাস মিস্ত্রির ছেলে খোকন হোসেন (২৯) নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছে আরও ২জন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার দুপুরে হরিণাকুণ্ডু উপজেলার ভায়না থেকে চার পান ব্যবসায়ী আলমসাধু যোগে গাড়াগঞ্জ বাজারে

আসছিলেন। তারা ঝিনাইদহ-কুষ্টিয়া সড়কের গাড়াগঞ্জ এলাকার বড়দাহ ব্রীজের কাছে পৌঁছালে ঝিনাইদহ থেকে কুষ্টিয়াগামী রূপসা পরিবহনের একটি বাসের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই খোকন নিহত হয়। আহত হয় আরও ৩ জন। খবর পেয়ে শৈলকূপা ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থল থেকে আহত ৩ জনকে উদ্ধার করে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মহাদেব নামে আরও একজনকে মৃত ঘোষণা করেন। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে আব্দুস সাত্তারের অবস্থা গুরুত্বর বলে জানা যায়।

ঝিনাইদহ হাইওয়ে থানার ওসি মিজানুর রহমান জানান, ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে বাস ও আলমসাধুর মধ্যে মুখোমুখি সংঘর্ষে দুই জন নিহত হয়েছেন। বাসটি আটক করা হয়েছে। মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ৯ বছর পর গ্রেপ্তার

ঝিনাইদহের শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ইসাহাক আলীকে ৯ বছর পর গ্রেপ্তার করেছে র্যাব।

সোমবার (২৭ ফেব্রুয়ারি) ভোর রাতে রাজাবাড়ী জেলার বালিয়াকান্দি থানার ধর্মতলা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। সে শৈলকুপা উপজেলার চতুরা গ্রামের মৃত মাহমুদ আলীর ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কোমান্ডার স্কোয়াড্রন লিডার ইশতিয়াক হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে শৈলকুপার চাঞ্চল্যকর আইয়ূব আলী মন্ডল হত্যা মামলার আসামী রাজবাড়ী জেলায় আত্মগোপনে আছে। পরে পুলিশ রাজবাড়ি জেলার বালিয়াকন্দি থানার ধর্মতলা এলাকায় অভিযান চালিয়ে আসামী ইসাহাক আলীকে গ্রেফতার করে। মামলার পর থেকে আসামী দীর্ঘ ৯ বছর ধরে পলাতক ছিলো।

শৈলকুপা উপজেলার চতুড়া গ্রামে নেকবার মন্ডল ও আইয়ূব আলী মন্ডলের

মধ্যে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে ১১ এপ্রিল ২০১৪ সালে ইসাহাক আলীসহ তার সহযোগীরা আইয়ূব আলীকে কুপিয়ে মারাত্ম জখম করে। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এ বিষয়ে নিহতের ভাই শওকত আলী মন্ডল শৈলকুপা থানায় হত্যা মামলা দায়ের করেন। আদালত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছে।

গ্রেপ্তারকৃত আসামী কে শৈলকুপা থানায় হস্তান্তর করা হয়েছে।

শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের সংর্ঘষে আহত ৭

ঝিনাইদহের শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংর্ঘষে অন্তত ৭ জন আহত হয়েছেন। এসময় বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাতে শৈলকুপা উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের নুন্দিরগাতী গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে আহত পল্লী চিকিৎসক নির্মল কুমার জানান, দীর্ঘদিন ধরে হিন্দু সম্প্রদায়ের মধ্যে দুটি দলের কোন্দল বিরাজ করছিল। তিনি বলেন, এ ঘটনার জের ধরে মঙ্গলবার রাতে তার উপর হামলা করে প্রতিপক্ষরা। নির্মল কুমার বিশ্বাস মাগুরা জেলার শ্রীপুর তার কর্মস্থল থেকে রাতে বাড়ী ফেরার পথে নুন্দিরগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয় এলাকায় পৌছালে প্রতিপক্ষরা তার উপর হামলা চালায়। পরে বাড়ি ভাংচুর, নগদ টাকা ও স্বর্ণলংকারসহ মালামাল লুট করে নিয়ে যায়। এ খবর ছড়িয়ে পড়লে হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সংঘর্ষে বিপ্লব কুমার, সঞ্জয় কুমার, বাধন কুমার, নির্মল কুমার, স্মৃতি রাণী, সুবাস কুমার ও বিশ্বজিৎ কুমার গুরুত্বর আহত হন। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাগুরা সদর হাসাপাতালে ভর্তি কনরা হয়ছে। এরমধ্যে অবস্থা গুরুতর হওয়ায় সুবাস কুমার নামে এক জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসাপাতালে

পাঠানো হয়েছে। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, সংঘর্ষের ঘটনায় একটি লিখিত এজাহার দাখিল করেছে পল্লি চিকিৎসক নির্মল কুমার। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি বলেন, তদন্থ করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।